

তথ্যবিবরণী

নম্বর:৮৮

ময়মনসিংহ আঞ্চলিক তথ্য অফিসের সাথে স্টেকহোল্ডারগণের মতবিনিময় সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ (বুধবার, ২৭ ডিসেম্বর ২০২৩ খ্রি.);

আঞ্চলিক তথ্য অফিস ময়মনসিংহের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) ২০২৩-২৪ এর আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (স্টেকহোল্ডারের) অংশগ্রহণে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বুধবার (২৭ ডিসেম্বর) বিকাল ০৩.০০ টায় আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহের সম্মেলন কক্ষে উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ানের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় জানানো হয়, নির্বাচনী সংবাদে বস্তুনিষ্ঠতা নিশ্চিত করা জরুরী। সংবাদ প্রচারের ক্ষেত্রে গুজব ও অপপ্রচারের ব্যাপারটি মাথায় রাখতে হবে। সংবাদে গুজব ও অপপ্রচার সাংবাদিক সমাজকে আহত করে। নির্বাচনী সংবাদের বিষয়ে তথ্যগুলো যাচাই বাছাই করতে হবে। সেকেন্ড হ্যান্ড ও থার্ডহ্যান্ড থেকে সংবাদ আহরণের ক্ষেত্রে তার বস্তুনিষ্ঠতা ও সত্যতা সম্পর্কে সচেতন থাকতে হবে। সাংবাদিক পরিবারের সদস্য হিসেবে পিআইডি নতুন যাত্রা শুরু করেছে। মানসম্মত ও চমৎকার রিপোর্টিং বা নিউজ পিআইডির তরফ থেকে সরবরাহে গুরুত্বপূর্ণ কাজে প্রচার করা হচ্ছে। এছাড়াও প্রেসট্রেন্ড ও ক্লিপিংসসহ আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহের বিভিন্ন কর্মকর্তা সম্পর্কে উপস্থিত সাংবাদিকদের বিস্তারিত ধারণা দেওয়া হয়।

দৈনিক বিশ্বের মুখপত্র ও মাসিক বাংলার মুখপত্রের সম্পাদক এন.বি.এম ইব্রাহিম খলিল রহিম, দৈনিক বিশ্বের মুখপত্রের স্টাফ রিপোর্টার দ্বীপজয় সরকার, দৈনিক সবুজের স্টাফ রিপোর্টার মোঃ আতাউর রহমান, দৈনিক বাংলা ৭১ এর ব্যুরো চীফ ও দৈনিক উর্দুবাংলার স্টাফ রিপোর্টার নিহার রঞ্জন কুন্ড, দৈনিক ভোরের সময়ের ব্যুরো চীফ মোঃ তোফাজ্জল হোসেন নবেল, দৈনিক দিগন্ত বাংলার স্টাফ রিপোর্টার মোহাম্মদ আলী, আমাদের ময়মনসিংহের স্টাফ রিপোর্টার কামরুল হাসান, দৈনিক সবুজের বার্তা প্রধান মোঃ মঈন উদ্দিন, দৈনিক দেশ জনতার ময়মনসিংহ প্রতিনিধি মোঃ মোশারেফ হোসেন জুয়েল, দৈনিক মাটি ও মানুষের বার্তা সম্পাদক বিল্লাল হোসেন প্রান্ত, সাপ্তাহিক সোনালী শীশের বার্তা সম্পাদক মোঃ কামাল মিয়া, দৈনিক স্বদেশ সংবাদের বার্তা সম্পাদক রঞ্জন মজুমদার শিবু, দৈনিক হৃদয়ের বাংলার স্টাফ রিপোর্টার ফরিদা ইয়াসমিন রহ্মা, দৈনিক স্বজনের বার্তা সম্পাদক কামাল হোসেন, দৈনিক আজকের বাংলাদেশের স্টাফ রিপোর্টার মোঃ জাহাঞ্জীর আলম আকন্দ সেলিম, দৈনিক জাহানের স্টাফ রিপোর্টার রাশিদ আহম্মেদ, দৈনিক নিউ টাইমস এর সম্পাদক মোঃ আব্দুল মতিন ও ময়মনসিংহ বিভাগীয় প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মোঃ নজরুল ইসলাম উপস্থিত ছিলেন।

এ সময় আঞ্চলিক তথ্য অফিসের কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

হদা/দেওয়ান/রিদওয়ান/মনির/রেজভী ২০২৩/১৬.১৫ ঘন্টা

#